রাত ও দিনের সালাত দুই রাকা‘আত দুই রাকা‘আত করে।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত, তিনি বলেছেন, “রাত ও দিনের সালাত দুই রাকা‘আত দুই রাকা‘আত
করে।”
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি
আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

হাদীসটির অর্থ: রাত ও দিনের সালাত দুই রাকা‘আত দুই রাকা‘আত। এ হাদীসটির মূল বুখারী ও মুসলিমে রয়েছে এভাবে: রাতের সালাত দুই রাকা‘আত, দুই রাকা‘আত। কোন কোন বর্ণনাকারী বৃদ্ধি করেছেন (এবং দিনের।) আর বৃদ্ধিটি দুর্বল। অর্থাৎ, যে ব্যক্তি রাতে বা দিনে নফল সালাত আদায় করতে চায়, সে যেন প্রতি দুই রাকা‘আতে সালাম ফিরায়। যেমনটি সহীহ মুসলিমে ইবন উমার রাদিয়াল্লাহু আনহুমার বর্ণনায় বিষয়টি স্পষ্ট এসেছে। যখন তাকে জিজ্ঞাসা করা হলো যে, দুই দুই অর্থ কি? তিনি বলেন, প্রত্যেক দুই রাকা‘আত পর সালাম ফিরাবে। রাতের সালাত সম্পর্কে এটি অধিকাংশ আলেমদের মতামত। অর্থাৎ রাতের নফল সালাতে দুই রাকা‘আত থেকে অধিক একসাথে আদায় করা বৈধ নয়। তবে বিতিরের সালাত ছাড়া। তা বেশি আদায় করা বৈধ। এ বিষয়ে সুন্নাত প্রমাণিত হওয়ার কারণে। তবে দিনের সালাত দুই রাকা‘আতের বেশি আদায় করাতে কোন অসুবিধা নেই। তবে উত্তম হলো দুই রাকা‘আত দুই রাকা‘আত।

https://sunnah.global/hadeeth/bn/show/11260